গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।
www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪০.০০৫.২৪-৮৩৩

তারিখ : ২০.১১.২০২৪ খ্রি:

**নোটিশ**

নভেম্বর/২৪ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ (যমুনা) সভাকক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ২৬.১১.২৪ খ্রি: | সকাল ১০.০০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ২৬.১১.২৪ খ্রি: | বেলা ১২.০৫ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ২৬.১১.২৪ খ্রি: | বেলা ১২.১০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ২৬.১১.২৪ খ্রি: | বেলা ১২.২০ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ২৬.১১.২৪ খ্রি: | বেলা ১২.২৫ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ২৬.১১.২৪ খ্রি: | বেলা ১২.৩০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ২৪.১১.২০২৪ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

২০.১১.২৪

নাদির শাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭৭৬৮০২
ই-মেইল-unomadarganj@mopa.gov.bd

প্রাপকঃ ১। উপজেলা.....................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান.......................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব ..........................................................................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ
১। জেলা প্রশাসক, জামালপুর।
২। অফিস কপি।

উপজেলা পরিষদ

মাদারগঞ্জ, জামালপুর

নভেম্বর/২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাদির শাহ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর |
| সভার তারিখ | : | ২৬ নভেম্বর ২০২৪ খ্রি: |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**১। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**

**২। সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'খ' দেখানো হলো:**

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার কর্মসূচী অনুযায়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অন্যান্য বিষয়াদির উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, অক্টোবর/২৪ মাসে এ উপজেলায় ১৩,৪৬৭ জনকে বর্হিঃ বিভাগে সেবা, ২৪০৮ জন জরুরী বিভাগে সেবা, ৭৬৬ অন্তঃ বিভাগ সেবা, ১০৮ জন হাসপাতালে ডেলিভারী, ২৪০২ জন (০-৫) বছর বয়সী শিশুর আই এমসি আই সেবা, ৩২৪১ জন মোবাইল ফোনে সেবা, ৮৪% ইপিআই টিকা (জানুয়ারী/২৪ থেকে অক্টোবর/২৪) পর্যন্ত এবং ৩৭ টি কমিউনিটি ক্লিনিকের সেবার পরিমান ৩৮৬২০ জন, ১২৫২০ জন সাবসেন্টার ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবা। ডেঙ্গু জরে আক্রান্ত ৩০ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **০২. উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান অক্টোবর/২৪ মাসের<br>ক) ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে অত্র উপজেলার প্রণোদনা হিসেবে ৪৭০০ জন কৃষককে বিনামীল্য ৮ ধরণের ফসলের বীজ ও রাসায়নিক সার বিতরণের জন্য বরাদ্দ দেয়া হয়েছে।<br>খ) ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে অত্র উপজেলায় প্রণোদনা হিসেবে ৪০০০ জন কৃষককে বিনামূল্যে বোরো (হাইব্রিড) বীজ বিতরণের জন্য বরাদ্দ দেয়া হয়েছে।<br>গ) ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে অতি বৃষ্টিতে এবং বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার চাষীদের জন্য বিনা মূল্যে সরিষাবীজ সবজি এবং সার বরাদ্দ পাওয়া গেছে। সরিষার ক্ষেতে প্রতি কৃষক ০১ কেজি সরিষা বীজ, ১০ কেজি ডিএপি সার এবং ১০ কেজি এমওপি সার পাবে। সবজি ক্ষেত্রে টমেটো বীজ ১০ গ্রাম, বেগুন ১০ গ্রাম, পালংশাক ১০০ গ্রাম, লালশাক ১০০ গ্রাম, শিম ৫০ গ্রাম লাউ ১৫ গ্রাম, মূলা ২০ গ্রাম এবং মিষ্টিকুমড়া ১৫ গ্রাম।<br>ঘ) মোসলেমাবাদ , গুনারীতলাতে একটি এসএএও কোয়ার্টার সংস্কার করা অতীব জরুরি। সেজন্য ভবনটির প্রাক্কলন করা প্রয়োজন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৩. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>১। উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর প্রকল্প দাখিলের জন্য অত্র উপজেলার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের পত্র প্রদান করা হয় । ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রকল্প দাখিল করেছেন। দাখিলকৃত প্রকল্প হতে চূড়ান্ত ভাবে প্রকল্প বাছাই করণের লক্ষ্যে দ্রুত প্রকল্প বাছাই কমিটির সভা আহবান করা যেতে পারে। দ্রুত প্রকল্প বাছাই কমিটি আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো। | পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৪. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর জানায় সভায় জানান যে, অক্টোবর/২০২৪ মাসের তাঁর দপ্তরের ৮১০ টি কৃত্রিম প্রজনন ও ৩৩২ টি সংকর জাতের বাছুর উৎপাদন, ১২০৬ টি গবাদিপশু ও ১৮৫০৭ টি হাঁসমুরগী কে চিকিৎসা সেবা প্রদান করা হয়, হাসমুরগী টিকা প্রদান ৫৯০০০ মাত্রা, গবাদি পশু ৪৪০০ মাত্রা এবং রাজস্ব আদায় ৮২৩০৫/- টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |
| **০৫. উপজেলা মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান অক্টোবর/২০২৪ মাসে আগত মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান, মৎস্য সম্পদের উন্নয়ন ও সুরক্ষার জন্য আইন বাস্তবায়ন অব্যাহত রয়েছে। জাটকা সংরক্ষণ অভিযান ২০২৪ উপলক্ষ্যে এ উপজেলার বিভিন্ন বাজার ও বিভিন্ন আড়তে নিয়মিত পরিদর্শন করা হচ্ছে, মৎস্য হ্যাচারী নিবন্ধন | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| নবায়নের জন্য হ্যাচারী মালিককে ও মৎস্য খাদ্য বিক্রেতাদের নিবন্ধন নবায়নের জন্য যথারীতি তাগিদ দেয়া হচ্ছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| **০৬. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষে তৃতীয় প্রান্তিকের মূল্যায়ণের জন্য ০২.১২.২০২৪ খ্রি: হতে ১০.১২.২০২৪ খ্রি: (৩য় -৫ম) শ্রেণি পর্যন্ত জেলা হতে সময়সূচী নির্ধারণ করা হয়েছে। উক্ত সময়সূচী অনুযায়ী অত্র উপজেলায় তৃতীয় প্রান্তিকের মূল্যায়ণ অনুষ্ঠিত হবে। আগামী ৩০.১২.২০২৪ তারিখের মধ্যে উত্তরপত্র মূল্যায়ন করার এবং ৩১.১২.২০২৪ তারিখের অভিভাবক/মা সমাবেশ করে ফলাফল ঘোষনার নির্দেশনা রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| **০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অক্টোবর/২০২৪ মাসে স্থায়ী পদ্ধতি ০৬ জন, আইইউডি ৩২ জন, ইমপ্ল্যান্ট ২৩৭ জন, ইনজেকশন ৩৫৭ ভায়েল, খাবারবড়ি সুখী ৪২৪ চক্র, কনডম ২৬৪৩, ইসিপি ১৫ জন এবং ১১ জনকে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান অক্টোবর/২৪ মাসের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মাধ্যমিক পর্যায়ের (১০-১৪ বৎসর বয়সী ছাত্রীদের) এইচপিভি টিকাদান কর্মসূচীতে সহায়তা প্রদান করে ময়মনসিংহ বিভাগে প্রথম স্থান অর্জন, শিক্ষা প্রতিষ্ঠান একাডেমিক পরিদর্শণ, মাদক বিরোধী সচেনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি গঠন, শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন, ২০২৫ শিক্ষাবর্ষের পাঠ্য পুস্তকের চাহিদা প্রেরণ, শিক্ষা প্রতিষ্ঠানে IMS ডাটা হাল নাগাদ করা, শিক্ষা প্রতিষ্ঠানে এমপিও এর কাজ চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |
| **০৯. উপজেলা সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান অক্টোবর ২০২৪ মাসে<br>ক) প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদন ১৫.১০.২০২৪ হতে ১৪.১১.২০২৪ পর্যন্ত চলমান।<br>খ) রোগী কল্যাণ সমিতির মাধ্যমে মাদরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভর্তিকৃত ১০ জন অসহায় দুস্থ রোগীদের মাঝে ওষুধ বিতরণ।<br>গ) ভাতাভোগীদের লাইফভেরিফিকেশন কার্যক্রম চরমান।<br>ঘ) ভাতাভোগীদের সচেতন করার লক্ষ্যে প্রচরণার কার্যক্রম চলমান<br>ঙ) প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে।<br>চ) ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মোট ৪,০৪,৪২০/- টাকা আদায় করা হয়েছে।<br>ছ) প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদন ১৫.১০.২০২৪ হতে ৩০.১১.২০২৪ পর্যন্ত চলমান।<br>জ) ভিক্ষুক পুর্নবাসন ও বিকল্প কর্মস্থানের লক্ষ্যে ০৬ জন ভিক্ষুকের মাঝে আয়বর্ধক পণ্য (ছাগল) বিতরণ করা হয়েছে। | (ক) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অক্টোবর/২০২৪ মাসে তাঁর দপ্তরে চলতি ঋণ আদায় ১১,৪৮,০০০/-বিতরণ ৮,৫৯,,০০০/- টাকা, খেলাপী ঋণ আদায় ৪৮০০০/- টাকা এবং সঞ্চয় আদায় ৬০০০/- টাকা, শেয়ার আদায় ১০০০/-। ২০১০ সালের ৩০ জুন এর পূর্বে বিতরণকৃত খেলাপী ঋণের ০১ বছরের সেবামুল্যসহ পরিশোধের সময়সীমা শেষ হবে ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রি:। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অক্টোবর/২৪ মাসের টি আর ,কাবিখা/কাবিটা, ইজিপিপি ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দ পাওয়া যায়নি। এইচবিবি করণ ০২ টি বরাদ্দকৃত টাকা ১,৭৫,২০১৮৫/-, বীজ ৪৯ টি বরাদ্দকৃত অর্থ ২০,৪৮,০৮,৯৬৩। বন্যা প্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প ০২ টি বরাদ্দকৃত অর্থ ৬,৬১৩১,০০২/- মুজিব কিল্লা নির্মাণ ০২ টি বরাদ্দকৃত অর্থ ৩,৯০,৯৯,৬৭৬ ডিআরএমপি (জাইকা) ০১ টি বরাদ্দকৃত অর্থ ৪,৭৮,০০,০০০/-টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, চলতি আদায়যোগ্য ২,০২,৫০০/-, আদায়কৃত ১,৮৫,৫৮০, হার ৯১.৬৪% : ক্রমপঞ্জিত আদায়যোগ্য ৩,৩৪,৩২,৫৮৩, ক্রমপঞ্জিত আদায়কৃত ৩,২৭,৫৭,১২০/-, হার ৯৭.৯৮%; | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| কিস্তি খেলাপি ১,২২,৭৫৭, আদায়কৃত ২৯০০/-, হার ২.৩৬%; ঋণ খেলাপি: ৬,১৩,১৯৫/-, আদায়কৃত ৮০০/-, হার ০.১৩%; চলতি অর্থবছরে প্রশিক্ষণ : ১৪ ব্যাচ, প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ২ ব্যাচে ৬০ জন করে। অর্থ বছরের আত্নকর্মী ৩৮ জন, মোট আত্নকর্মী ১০৩৩ জন। টেকাব : ( কম্পিউটার) ৪০ জন প্রশিক্ষণ চলমান রয়েছে। | | |
| **১৩. উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৪. উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে অক্টোবর/২০২৪ মাসে<br>(ক)ভিডব্লিউবি : উপজেলার ০৭ টি ইউনিয়নের ৩১৪৩ জন সুবিধাভোগীর খাদ্য সহায়তার জন্য ডি.ও প্রদান করা হয়েছে।<br>(খ) ডব্লিউটিসি : মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত ২য় ব্যাচে প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। যা ৩১.১২.২০২৪ খ্রি: তারিখে সমাপ্ত হবে।<br>(গ) মা ও শিশু সহায়তা কর্মসূচী: উক্ত কর্মসূচীর আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে ০৭ টি ইউনিয়ন বরাদ্দ পাওয়া যাওয়ায় অক্টোবর/২৪ পর্যন্ত উপকারভোগী বাছাই অনলাইন কার্যক্রম সম্পন্ন হয়েছে। উপকারভোগী বাছাই অনলাইন কার্যক্রম জুন/২৫ পর্যন্ত চলমান থাকবে ও পৌরসভায় বরাদ্দ পাওয়ায় উক্ত কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>(ঘ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় স্থাপনকৃত ০৮ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১৫.উপজেলা আইসিটি বিভাগ**<br>**উপজেলা আইসিটি অফিসার কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি।** | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আইসিটি অফিসার, মাদারগঞ্জ |
| **১৬. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ স্কিম এর ৩৭ টি গভীর নলকূপের কাজ এবং৩০০ টি হাউজ কানেকশন বিশিষ্ট লার্জড ওয়াটার পাইপ লাইনের কাজ চলমান রয়েছে । মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৩২ টি স্মল পাইপ লাইনের স্কিম ও ৫০০ টি হাউজ কানেকশন বিশিষ্ট লার্জড ওয়াটার পাইপড লাইনের কাজ চলমান রয়েছে এবং দরিদ্র পরিবারের মাঝে প্রতিটি ইউনিয়নে ২২৯ টি করে টুইন পিট টয়লেটের কাজ চলমান রয়েছে। পিইডিপি -৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক ও ওয়াশ বেসিন এর কাজ চলমান আছে । | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, |
| **১৭. উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর অক্টোবর/২৪ মাসের<br>ক) অর্থনৈতিক শুমারি-২০২৪ এর উপজেলা শুমারি কমিটির অবহিতকরণ সভা সম্পন্ন।<br>খ) মাসিক কৃষি মুজুরীর রির্পোট জেলা পরিসংখ্যানে অফিসে প্রেরণ। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১৮. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান অক্টোবর/২৪ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচির মাধ্যমে ১৫ টাকা কেজি দরে ভোক্তাদের মাঝে পুষ্টি চাল বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। | নির্ধারিত নিয়মে চাল বিতরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৯. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তার দপ্তরে অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২০. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর অক্টোবর/২৪ মাসের চলতি মৌসুমে নাবী পাট বীজ উৎপাদনকারী চাষীদের মাঝে মাঠপর্যোয়র ফসলের অন্তবর্তি পরিচর্যার কার্যক্রম চলমান আছে। দপ্তরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **২১. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের অক্টোবর/২৪ মাসে ঋণবিতরণ ৪৪.৮৫ লক্ষ টাকা, আদায় ১০.৬১ লক্ষ টাকা এবং আদায়ের হার ৯৮% এবং মোট সদস্য সংখ্যা ৩৮৪০ জন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২২. উপজেলা বন বিভাগ:**<br>ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, অক্টোবর/২৪ মাসে ৩ নং গুনারীতলা ইউনিয়নে মোসলেমাবাদ জিলানী ডাক্তারের বাড়ী হইতে জোনাইল ফকির বাড়ী পর্যন্ত ২০২১-২০২২ অর্থবছরে সুফল প্রকল্পের আওতায় সৃজিত ০২ (দুই) কি:মি: সংযোগ সড়ক ষ্টীপ বাগানে পরিদর্শন করি। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৩. পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক অক্টোবর/২৪ মাসের সঞ্চয় আদায় ৪.৭৩ লক্ষ, ঋণ বিতরণ ৬২.৫০ লক্ষ, ঋণ আদায় ৫১.৭০ লক্ষ। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| **২৪. ফায়ার সর্ভিস বিভাগ:** সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অক্টোবর/২০২৪ মাসে অগ্নিনির্বাপণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| **২৫. তথ্য আপা প্রকল্প:** উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অক্টোবর/২৪ মাসে তথ্যকেন্দ্রে সেবা গ্রহিতার সংখ্যা ৮৬ জন, ডোর টু ডোর সেবা গ্রহিতার সংখ্যা ৩১০ জন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৬. ইসলামিক ফাউন্ডেশন:** উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা পরিদর্শননে কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর |
| **২৭. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান পরিবর্তিত পরিস্থিতি তে ইউজিডিপির কার্যক্রম নতুন আঙ্গিকে আসছে। নতুন কর্মকৌশল নির্ধারণে ইউজিডিপি প্রধান কার্যালয়ে কিছু সময় লাগছে। বাস্তবায়িত কাজের মাঠে পরিদর্শন করে প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদের নির্দেশে উপজেলা পরিষদের কাজসহ প্রশাসনিক কাজে সহযোগিতার করার নির্দেশনা দেয়া হয়েছে। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | (ক) উপজেলা প্রকৌশলী<br>(খ) ইউডিএফ (ইউজিডিপি) |
| **২৭. বিবিধ:** রাজস্ব তহবিলের অক্টোবর/২৪ মাসের ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় অক্টোবর/২৪ মাসের মোট ৩,৩৯,৪৩১/= ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর |

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| আপ্যায়ন | ১৯,৯৫১ |
| আসবাবপত্র ক্রয় | ২,৯৯,৯৮০ |
| সুইপার মজুরী | ১১,৫০০ |
| পরিষ্কার পরিচ্ছন্নতা | ৮০০০ |
| মোট | |

উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। মাদকসেবন স্থানে পয়েন্ট নির্ধারণ করে নাগরিক কমিটির সদস্যদের মাধ্যমে আমাদের জানালে দ্রুত ব্যবস্থা নেয়া যাবে সভায় জানান। সকল দপ্তরপ্রধানগণকে অফিসে নিরাপত্তারস্বার্থে চারপাশে সিসিক্যামেরা এবং আলোকসজ্জা করার জন্য অনুরোধ জানান। আর কোনো আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬.১১.২৪

নাদির শাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারকনং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৪-৮৫৮(১)

তারিখ ঃ ২৬ নভেম্বর ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার,জামালপুর।
৩। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
৪। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . .....................ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৫। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

২৬.১১.২৪

নাদির শাহ
উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

নভেম্বর/২৪ মাসের মাসিক সভার নোটিশ
তাং:- ২৬/১১/২৪, সময়: ১০.৩০

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১) | উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | |
| ২) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,, ,, | |
| ৩) | ,, কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | |
| ৪) | ,, প্রাণীসম্পদ কর্মকর্তা, ,, ,, | |
| ৫) | ,, প্রকৌশলী ,, ,, | |
| ৬) | ,, মৎস্য কর্মকর্তা ,, ,, | |
| ৭) | ,, শিক্ষা অফিসার ,, ,, | |
| ৮) | ,, পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,, ,, | |
| ৯) | ,, মাধ্যমিক শিক্ষা অফিসার ,, ,, | |
| ১০) | ,, সমাজসেবা কর্মকর্তা ,, ,, | |
| ১১) | ,, পল্লী উন্নয়ন অফিসার ,, ,, | |
| ১২) | ,, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ,, | |
| ১৩) | ,, যুব উন্নয়ন অফিসার ,, ,, | |
| ১৪) | ,, সমবায় ,, ,, ,, | Ratan mia |
| ১৫) | ,, মহিলা বিষয়ক ,, ,, ,, | |
| ১৬) | ,, আইসিটি অফিসার ,, ,, | |
| ১৭) | ,, জনস্বাস্থ্য প্রকৌশলী ,, ,, | |
| ১৮) | ,, পরিসংখ্যান অফিসার ,, ,, | |
| ১৯) | ,, খাদ্য নিয়ন্ত্রক ,, ,, ,, | |
| ২০) | ,, আনসার ও ভিডিপি কর্মকর্তা ,, ,, | |
| ২১) | ,, বার্ড উন্নয়ন কর্মকর্তা ,, ,, | |
| ২২) | ,, দারিদ্র বিমোচন ,, ,, ,, | |
| ২৩) | ,, ফরেস্টার ,, ,, | |
| ২৪) | ,, পল্লী সঞ্চয় ব্যাংক ,, ,, | |
| ২৫) | ,, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স ,, ,, | |
| ২৬) | ,, তথ্য সেবা কর্মকর্তা ,, ,, | |
| ২৭) | ,, ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন ,, ,, | |
| ২৮) | ,, ইমাম সমিতি, ,, ,, | |
| ২৯) | ,, বি আর ডি বি সেন্টার ,, ,, | |
| ৩০) | ,, পল্লী বিদ্যুৎ সমিতি ,, ,, | |
| ৩১ | উপজেলা ডেভেলপমেন্ট কমিটি সেক্রেটারি | |
| ৩২) | সহকারী প্রোগ্রামার উইটিসি | |
| ৩৩ | সোনালী ব্যাংক (মাদারগঞ্জ শাখা) | |
| ৩৩। | মাদারগঞ্জ পল্লী বিদ্যুৎ | |
| ৩৪। | উপজেলা বেসরকারি সুপারভাইজার | |